ফাতওয়া নাম্বার: ৫৫৩ প্রকাশকাল:১৬-০৫-২০২৫ ইং

অপ্রাপ্ত বয়স্ক সন্তানের সম্পদ দ্বারা তার ভরণ পোষণের বিধান

প্রশ্ন:

আমার অপ্রাপ্ত বয়স্ক সন্তানদেরকে আত্মীয়-স্বজনরা ঈদের সময় কিংবা কোনো অনুষ্ঠানের সময় অথবা অন্য সময় টাকা পয়সা হাদিয়া দিয়ে থাকে। আমার জানার বিষয় হলো, এসব টাকা কি আমি তাদের পোশাক আশাক, ওষুধপত্র ও লেখাপড়ার পেছনে ব্যয় করতে পারবো? শুনেছি, বালেগ হওয়া পর্যন্ত সন্তানের খরচ পিতাকে বহন করতে হয়। তাই এ বিষয়টি নিয়ে সংশয় হচ্ছে।

উত্তর:

بسم الله الرحمن الرحيم

حامدا ومصليا ومسلما، أما بعد!

‘বালেগ হওয়া পর্যন্ত সন্তানের খরচ পিতাকে বহন করতে হয়’—কথাটি ঢালাওভাবে ঠিক নয়। সন্তানের খরচ পিতাকে বহন করতে হয়; যখন সন্তানের নিজস্ব সম্পদ

বা উপার্জন না থাকে। পক্ষান্তরে সন্তান নাবালেগ হলেও; তার যদি খরচ চলার মতো সম্পদ বা উপার্জন থাকে, তখন তার ভরণপোষণ ও খরচাদি বহন করা পিতার জন্য আবশ্যক নয়। অবশ্য পিতা যদি অনুগ্রহ করে সন্তানের খরচ বহন করেন সেটি ভিন্ন কথা।

অতএব নাবালেগ সন্তানদেরকে আত্মীয়-স্বজনরা যে হাদিয়া দেয়, প্রত্যেক সন্তানের নিজের অংশ তার পড়াশোনা, ওষুধপত্র, খাবার-দাবার ও পোশাক-পরিচ্ছদে ব্যয় করতে সমস্যা নেই।

-শরহু মুখতাসারিত তাহাবী: ৫/৩০২; মাবসুতে সারাখসী: ৫/২২৩; বাদায়েউস সানায়ে: ৪/৩৪; হেদায়া: ২/২৯২; মুহিতে বুরহানী: ৩/৫৬৫; রদ্দুল মুহতার: ৩/৬১২, ৬২৮; ইমদাদুল ফাতাওয়া: ৮/৬১, ফাতাওয়া দারুল উলুম দেওবন্দ: ১১/৭১

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি উফিয়া আনহু

২২-১০-১৪৪৬ হি.

২১-০৪-২০২৫ ইং

اللجنة الشرعية للدعوة والنصرة
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ